

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৬.০২৬.০০.০০.১৪৫.২০১৩- ২৪৬৮

তারিখ : ০৬ ডিসেম্বর, ২০১৫।

বিষয় : চৌগাছা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর ও উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়ালে তার কাটা নির্মাণ।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চৌগাছা-এর স্মারক নং-০৫.৪৪.৪১১১.০০৯.০০.০০৩.১৫-৯৩৮; তারিখ : ০৫ নভেম্বর, ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে যশোর জেলার চৌগাছা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সীমানা প্রাচীর নির্মাণের প্রস্তাবটি বিবেচনার পূর্বে নিম্নরূপ তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- ক) প্রস্তাবে উপজেলা পরিষদ চেয়ারম্যান বাংলোর বাউন্ডারী, উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর বাউন্ডারী ওয়াল ও উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়ালে তার কাটা স্থাপন উল্লেখ রয়েছে, কিন্তু পরিষদ সভায় কার্যবিবরণীতে শুধু উপজেলা পরিষদের ও চেয়ারম্যান বাংলোর বাউন্ডারী তার কাটার বিষয়টি উল্লেখের কারণ;
- খ) পূর্বে বাউন্ডারী ওয়ালে তার কাটা ছিলো কিনা, থাকলে সেগুলোর বর্তমান অবস্থা কি;
- গ) কোন কোন বাউন্ডারী ওয়ালে তার কাটা স্থাপন করতে হবে তাসহ সম্পূর্ণ বাউন্ডারী ওয়ালের স্কেচ ম্যাপ প্রেরণ;
- ঘ) ইতোপূর্বে অনুমোদিত বাউন্ডারী ওয়ালের কাজ সমাপ্ত করা হয়েছে কিনা সেসম্পর্কিত তথ্যাদি;
- ঙ) ইতোপূর্বে প্রেরিত প্রস্তাবের সাথে কাটাতার স্থাপন সংযুক্ত না করার বিষয়ে ব্যাখ্যা প্রদান;
- চ) ১৩,১২,৯৬০/- (তের লক্ষ বার হাজার নয়শত ষাট) টাকা ব্যয়ে তারকাটা স্থাপনের পরিবর্তে নিরাপত্তার স্বার্থে অন্য কোন স্থায়ী ব্যবস্থা গ্রহণ করা যুক্তিযুক্ত হলে সে সংক্রান্ত কোন বিকল্প প্রস্তাব করা যায় কিনা? এবং
- ছ) রাজস্ব তহবিলের বর্তমান স্থিতি (ব্যাংক বিবরণীসহ)।

J. A. Min
০২/১২/২০১৫
(ড. জুলিয়া মর্দন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার
চৌগাছা, যশোর।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।